আজকের কাগজ

তারিখ 25 JUL 1991
পৃষ্ঠা ৬ কলাম ৫

(২৬

140

# ঢা.বি. সিন্ডিকেটে ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে আলোচনা

**কাগজ প্রতিবেদক :** 'ক্যাম্পাসে সন্ত্রাস দমনের জন্যে দেশের রাজনৈতিক সংগঠনগুলোর মধ্যে ঐকমত্য প্রয়োজন।'

গত ২৩ জুলাই মঙ্গলবার সকালে উপাচার্য মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এ কথা বলা হয়।

সভায় ২২ জুলাই সোমবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত ঘটনাই ছিলো মূল আলোচ্য বিষয়। সভায় উপাচার্যের কার্যালয় ভাঙচুর ও তাঁর বাসভবনে হামলার ঘটনার তীব্র নিন্দা জানানো হয়।

সভায় উপাচার্য ৫ আগস্ট ডাকসু নির্বাচন স্থগিত করার বিষয়ে সিন্ডিকেট সদস্যদের অবহিত করেন বলে জানা গেছে। ২২ জুলাই ক্যাম্পাসে সন্ত্রাসী কিছু তৎপরতার পর সিন্ডিকেটের কোনো সিদ্ধান্ত ছাড়াই উপাচার্য ৫ আগস্টের ডাকসু নির্বাচন স্থগিত ঘোষণা করেন।

সিন্ডিকেটের সভায় ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার নিশ্চয়তা বিধানে সংশ্লিষ্ট ছাত্র সংগঠনগুলোর প্রতি আহবান জানানো হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ে ডাকসু নির্বাচনকে ঘিরে যে জটিলতার সৃষ্টি হয়েছে সে সম্পর্কে তেমন কিছুই আলোচনা হয়নি বলে জানা গেছে।

**আজ পরীক্ষা বিষয়ে সিদ্ধান্ত হতে পারে**

এদিকে বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাষ্টার ডিগ্রি পরীক্ষার্থীরা পরীক্ষার তারিখ নিয়ে এক অনিশ্চয়তার মধ্যে রয়েছে। এর আগে ক্যাম্পাসে উত্তেজনা, ডাকসু নির্বাচন ইত্যাদি কারণে বেশ কয়েকবার পরীক্ষা পিছিয়েছে। ৩১ জুলাই ডাকসু নির্বাচনের তারিখ পুনঃনির্ধারণের পর কর্তৃপক্ষ ২০ জুলাই থেকে ৩ আগস্ট পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। কিন্তু ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতিতে ৪ আগস্ট থেকে পুনরায় পরীক্ষা শুরু হবে কি না ছাত্র-ছাত্রীদের মধ্যে এই অনিশ্চয়তা এখনো রয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানান, 'আজ এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের সম্ভাবনা রয়েছে।'